

১৩/১/০৭
৫৬

দিল্লী শীর্ষ সম্মেলনে আফগানিস্তানকে সার্কে'র সদস্যপদ দেয়া হচ্ছে

কারজাই'র সঙ্গে ভারতীয় পররাষ্ট্রমন্ত্রী সাক্ষাৎ করলেন

কান্দুজ থেকে এএফপি ॥ ভারতের পররাষ্ট্রমন্ত্রী সরকারের সমর্থ গঠনে দশ কোটি ডলারের একটি চুক্তি স্বাক্ষর করার পর দক্ষিণ এশীয় সংস্থায় আফগানিস্তানকে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানাতে মঙ্গলবার খেসিডেট হামিদ কারজাইয়ের সঙ্গে সাক্ষাৎ করেছেন। আফগান পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, ভারতের পররাষ্ট্রমন্ত্রী প্রণব মুখার্জী খেসিডেট প্রাসাদে কারজাইয়ের সঙ্গে সাক্ষাৎ করেন। তারা সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই এবং যুদ্ধবিক্ষত আফগানিস্তান পুনর্গঠন নিয়ে আলোচনা করেন। এর আগে আফগান পররাষ্ট্রমন্ত্রী রনজীন মাদফার স্পানতা'র সঙ্গে বৈঠকের পর তিনি সাংবাদিকদের বলেন, এ সময়ে তার অন্যতম প্রধান উদ্দেশ্য হচ্ছে আসছে মার্চে নয়াদিল্লীতে অনুষ্ঠিত দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা সংস্থা (সার্ক)'র শীর্ষ সম্মেলনে কারজাইকে আমন্ত্রণ জানানো।

ভারত আরো জানায়, তারা পাকিস্তানের খেসিডেট পারভেজ মোশাররফকেও সম্মেলনে আমন্ত্রণ জানাবে। তাপেশবান সহিংসতা নিয়ে কারজাই এবং মোশাররফ বিপরীত অবস্থানে আছেন। তাদের অভিযোগ সীমান্ত চরমপন্থী দমনে তারা যথেষ্ট আন্তরিক নন। বাংলাদেশ, ভূটান, মালদ্বীপ, নেপাল এবং শ্রীলংকাও দিল্লী সম্মেলনে আনুষ্ঠানিকভাবে আফগানিস্তানকে সার্কে'র সদস্য হিসেবে স্বীকৃতি দেবে।